তারিখ ·2·5·JAN 2016
পৃঃ ···2··· কলাম ···6···

যুগান্তর

# সিলেটে চাঁদা না পেয়ে ছাত্রলীগের হামলা

## ব্যবসায়ীদের সড়ক অবরোধ

**সিলেট ব্যুরো**

সিলেটে চাঁদা না পেয়ে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালিয়েছে ছাত্রলীগ ক্যাডাররা। রোববার দুপুরে নগরীর উপশহর এলাকায় ছাত্রলীগ নেতা জাকারিয়া মাহমুদের নেতৃত্বে এ হামলা চালানো হয়। এ সময় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ভাংচুর চালায় তারা। এতে ক্ষুব্ধ হয়ে ব্যবসায়ীরা দোকানপাট বন্ধ করে রাস্তায় নেমে আসেন। ছাত্রলীগ ক্যাডার জাকিরকে গ্রেফতারের দাবিতে তারা বিক্ষোভ প্রদর্শন ও সড়ক অবরোধ করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে জাকিরকে গ্রেফতারের আশ্বাস দিলে ব্যবসায়ীরা অবরোধ তুলে নেন। স্থানীয় ব্যবসায়ীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে জেলা ছাত্রলীগের সমাজসেবা সম্পাদক জাকারিয়া মাহমুদের নেতৃত্বে উপশহর এলাকার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে চাঁদাবাজি করা হয়। রোববার

**হামলা : পৃষ্ঠা ১৪ : কলাম ৪**

## হামলা : ছাত্রলীগের

**(১ম পৃষ্ঠার পর)**

দুপুর ২টায় চাঁদা না পাওয়ায় উপশহর বি-ব্লক মসজিদ মার্কেটের আল বারাকা টেলিকমে জাকিরের নেতৃত্বে হামলা চালায় ছাত্রলীগ ক্যাডাররা। এ সময় তারা আশপাশের বিভিন্ন দোকানপাটে হামলা-ভাংচুর চালায়। এর প্রতিবাদে ব্যবসায়ীরা ক্ষুব্ধ হয়ে রাস্তায় নেমে আসেন। ছাত্রলীগ ক্যাডার জাকিরকে গ্রেফতারের দাবিতে বিক্ষোভ করেন। এ সময় তারা টায়ার জ্বালিয়ে, রোড ডিভাইডার ফেলে সড়ক অবরোধ করেন। ব্যবসায়ীরা লাঠিসোটা নিয়ে রাস্তায় এসে বিভিন্ন স্লোগান দিতে থাকেন। এতে উপশহর এলাকায় যানচলাচল বন্ধ হয়ে পড়ে। সৃষ্টি হয় দীর্ঘ যানজটের। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে জাকিরকে গ্রেফতারের আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়। প্রায় ২ ঘণ্টা অবরোধ শেষে তা প্রত্যাহার করে নেন ব্যবসায়ীরা। সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার জেদান আল মুসা জানান, পুলিশ ঘটনাস্থলে গিয়ে ৫ ঘণ্টার মধ্যে জাকারিয়া মাহমুদকে আটকের আশ্বাস দিলে ব্যবসায়ীরা অবরোধ তুলে নেন।